

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd



বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহ মোঃ ইমদাদুল হক
অতিরিক্ত সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৯/১২/২০২০; সকাল: ১০.০০ ঘটিকা।
স্থান : অনলাইন (ভাটুয়াাল) পদ্ধতিতে।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত এবং ভাটুয়ালী সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মধ্যমধর বাস্তবায়নের জন্য সকলকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনাসমূহের ওপর মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ দপ্তর/সংস্থা ফোকাল পয়েন্টদের অবহিত করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করেন। একই সাথে সংস্থার ফোকাল পয়েন্টদের কোন মতামত থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টগণ যে সকল বিষয়ে স্পষ্টীকরণের জন্য অনুরোধ করেন তা তৎক্ষণিকভাবে তাঁদেরকে স্পষ্টীকরণ করা হয়।


০২। সভায় অনলাইনে সংযুক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা মৎস্য কর্মকর্তাগণ নিজ নিজ অভিজ্ঞতা বিনিময় করেন। তাঁরা অনুরোধ জানান যে, বর্তমান করোনা ডাইবাস পরিস্থিতিতে ভাটুয়াল পদ্ধতিতে আয়োজিত এ ধরনের সভা খুবই উপযোগী। বিশেষ করে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধীনস্থ দপ্তরের কর্মকর্তারা সংযুক্ত হওয়ায় তাঁদের সমসামুহ সরাসরি মন্ত্রণালয়কে অবহিত করতে পারেন। সভাপতি জানান যে, ভবিষ্যতে এ ধরনের সভা আয়োজন করে তাঁদের উদ্বুদ্ধকরণসহ পরিবীক্ষণ অব্যাহত থাকবে।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় পরিমার্জন করে ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

খ) পরিকল্পনা অনুযায়ী সংস্থা পর্যায়ে এবং অধীনস্থ দপ্তর পর্যায়েও অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান করতে হবে। প্রয়োজনে অনলাইনে মন্ত্রণালয়কে সংযুক্ত করা যাবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৬.১২.২০২০
(শাহ মোঃ ইমদাদুল হক)
অতিরিক্ত সচিব

ও
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট